তারিখ 15 JUN 2017
পৃষ্ঠা 2 কলাম 6

যুগান্তর

# রুয়েটের ভর্তি পরীক্ষা ১০ নভেম্বর

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) ২০১৭-১৮ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণীর ভর্তি পরীক্ষা আগামী ১০ নভেম্বর অনুষ্ঠিত হবে। চলতি শিক্ষাবর্ষে ভর্তি প্রক্রিয়ায় কোনো পরিবর্তন আনা হয়নি। গত বছরের নিয়মে চলতি শিক্ষাবর্ষেও ভর্তি পরীক্ষা সম্পন্ন হবে।

বুধবার বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির জরুরি সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। রুয়েটের ১২টি বিভাগে মোট ৮১৫ জন শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তি পরীক্ষায় গণিত, রসায়ন ও পদার্থবিজ্ঞান বিষয়ের প্রতিটি থেকে ১০০ নম্বর করে ৩০০ নম্বর এবং ইংরেজি বিষয়ে ৫০ নম্বরের লিখিত পরীক্ষা নেয়া হবে।

তবে আর্কিটেকচার বিভাগে ভর্তিচ্ছুদের অতিরিক্ত ১০০ নম্বরের মুক্তহস্ত অংকন পরীক্ষায় অংশ নিতে হবে। ভর্তি পরীক্ষা সংক্রান্ত সব তথ্য রুয়েটের ওয়েবসাইট www.ruet.ac.bd পাওয়া যাবে।